বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
আঞ্চলিক কার্যালয়, বরিশাল
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়

স্মারক নম্বর: ৫৬.০১.০৬০০.০১৭.০৫.০০১.১৬.৭৯৫

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৮
১৫ ডিসেম্বর ২০২১

বিষয়: **বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল, আঞ্চলিক কার্যালয়, বরিশালের বার্ষিক প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, সুশাসন কার্যক্রমের পরিকল্পনাসমূহের মধ্যে তথ্য অধিকার কর্মপরিকল্পনা -২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মপরিকল্পনায় কার্যসম্পাদন ক্ষেত্র "সক্ষমতা বৃদ্ধি"- এর [১.৩] ক্রমিকে বার্ষিক প্রতিবেদন প্রকাশের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য বরিশাল, আঞ্চলিক কার্যালয়ের একটি প্রতিবেদন প্রস্তুত করা হয়েছে। প্রতিবেদনটি পত্রে সংযুক্ত করা হয়েছে।

পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হল।

১৬-১২-২০২১
মোহাম্মদ জসীম
হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার

নির্বাহী পরিচালক
নির্বাহী পরিচালক এর দপ্তর
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

স্মারক নম্বর: ৫৬.০১.০৬০০.০১৭.০৫.০০১.১৬.৭৯৫/১(৩)

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৮
১৫ ডিসেম্বর ২০২১

সদয় অবগতির জন্য অনুলিপি পেশ করা হল:(জৈষ্ঠ্যতার ক্রমানুসারে সাজানো নহে)
১) পরিচালক, প্রশিক্ষন ও উন্নয়ন, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
২) সচিব, মানব সম্পদ ব্যবস্থাপনা ও সাচিবিক ইউনিট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
৩) আঞ্চলিক পরিচালক , মানব সম্পদ ব্যবস্থাপনা ও সাচিবিক ইউনিট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

১৬-১২-২০২১
মোহাম্মদ জসীম
হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার

# বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

**আঞ্চলিক কার্যালয়, বরিশাল**

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

(ডাক, টেলিযোগাযোগ ও তথ্য যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়)

খাদেম কমপ্লেক্স (২য় তলায়), ইন্দোবাংলা ফার্মাসিউটিক্যাল লিমিটেডের বিপরীত,বিএম কলেজ রোড,বৈদ্যাপাড়া বরিশাল।

ফোনঃ০২৪৭৮৮৬১৪৮০, web: barishal.bcc.gov.bd


---

## বার্ষিক প্রতিবেদন

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল সরকার প্রতিশ্রুত রূপকল্প ২০৪১: ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে সরকারের অন্যতম প্রধান সহায়ক প্রতিষ্ঠান। তৃণমূল পর্যায়ে ডিজিটাল ডিভাইড দূরীকরণের লক্ষ্যে বিসিসি, আঞ্চলিক কার্যালয় বরিশাল, অবকাঠামো উন্নয়ন ও কানেক্টিভিটি, দক্ষ মানবসম্পদ উন্নয়ন, ই-গভর্মেন্ট, আইসিটি শিল্প উন্নয়নে বিভিন্ন উদ্যোগ বাস্তবায়ন এবং বিভিন্ন সরকারি অফিসকে পরামর্শ সেবাসহ নানাবিধ সহযোগীতা করে আসছে। বর্তমান করোনা পরিস্থিতিতে মাননীয় প্রধানমন্ত্রীসহ প্রশাসনের উর্ধতন কর্তৃপক্ষ, মাঠ প্রশাসনের সাথে ভিডিও কনফানেন্সিংএ নির্দেশনা প্রদানের লক্ষ্যে বিসিসি'র ইনফো-সরকার-২ প্রকল্পের মাধ্যমে স্থাপিত DHQ'তে সাপোর্টসহ বরিশাল বিভাগীয় পর্যায়ে স্থাপিত ৪৮টি মিডিয়াম রাউটার, ১৩শতাধিক এক্সেস রাউটার এবং ৫৩ নোডএ ভিডিও কনফারেন্সিং সিস্টেমে সাপোর্ট ও মনিটরিং রিপোর্ট, বিসিসি প্রধান কার্যালয়ে স্থাপিত Network Operation Centre (NOC) এর প্রেরণ করা হচ্ছে; অত্র কার্যালয় হতে সাম্প্রতিক সময়ে নেটওয়ার্ক সর্ম্পকিত 3(তিন) শতাধিক সার্পোট প্রদান করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম আধুনিকায়নের লক্ষ্যে স্মার্টবোর্ডসহ একটি নতুন প্রশিক্ষণ ল্যাব স্থাপন করা হয়েছে। বর্তমানে তিনটি ল্যাবে একসাথে মোট ৬০জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করা হয়েছে। উক্ত ৩টি প্রশিক্ষণ ল্যাবের মধ্যে ১টি প্রতিবন্ধী ব্যক্তিদের প্রশিক্ষণ প্রদানের জন্য আইসিটি রিসোর্স সেন্টার হিসেবে ব্যবহৃত হচ্ছে। করোনাকালিন সময়ে অনলাইন প্রশিক্ষণ পরিচালনা করে আসছে। মাঠ পর্যায়ে বাস্তবায়িত প্রকল্পগুলোতেও আঞ্চলিক কার্যালয় বরিশাল দায়িত্ব পালন করছে।

### রূপকল্প (Vision)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির বহুমূখী ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে জ্ঞানভিত্তিক সমাজ প্রতিষ্ঠায় সহায়তা প্রদান।

## অভিলক্ষ্য (Mission)

স্বচ্ছতা, নিরাপত্তার সাথে নাগরিকদের উন্নত সেবা প্রদান। তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ক্ষেত্রে গবেষণা ও উন্নয়নের মাধ্যমে জাতীয় লক্ষ্য অর্জনে সরকারকে সহায়তা করা।

## কর্মসম্পাদনের ক্ষেত্র

**আঞ্চলিক / জোনাল অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. তথ্য প্রযুক্তি ভিত্তিক শিল্পের প্রসারে দক্ষ মানব সম্পদ উন্নয়ন
২. ই-গভার্ণমেন্ট বাস্তবায়ন
৩. নারী ও প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়ন
৪. সরকার কর্তৃক গৃহীত আইসিটি কার্যক্রম অবহিতকরণ

**সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র**

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

## কার্যাবলি (Functions)

১. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিষয়ে যুগোপযোগী ও মান সম্মত প্রশিক্ষণের মাধ্যমে মানব সম্পদ উন্নয়ন
২. জেলা আইসিটি কমিটি এবং জেলা সার্ভিস ইনোভেশন কমিটির সদস্য হিসেবে সক্রিয়ভাবে নিয়মিত অংশগ্রহণ। এছাড়া বিভিন্ন কারিগরি কমিটি এবং অকেজো ঘোষণাকরণ কমিটিতে সরকারী সংস্থার/ প্রতিষ্ঠানের চাহিদা মোতাবেক অংশগ্রহণ
৩. জেলা ও বিভাগীয় পর্যায়ে তথ্য প্রযুক্তি বিষয়ক অবকাঠামো উন্নয়ন সংক্রান্ত কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ
৪. ই-গভঃ বাস্তবায়নে প্রয়োজনীয় পরামর্শ সেবা প্রদান এবং সেমিনার ও কর্মশালা আয়োজন
৫. ন্যাশনাল ই-গভঃ নেটওয়ার্ক সম্প্রসারণে সরকারি দপ্তরসমূহে কারিগরি সেবা প্রদান;
৬. আইসিটি রিসোর্স সেন্টার ব্যবহার করে তথ্যপ্রযুক্তি সেক্টরে প্রতিবন্ধী ব্যক্তিদের ক্ষমতায়ন;
৭. নিরাপদ আইসিটির ব্যবহারের কার্যক্রম অবহিতকরণ
৮. বিসিসি কর্তৃক দেশব্যাপী স্থাপিত সরকারী পর্যায়ে ইন্টারনেট সংযোগ ও ভিডিও কনফারেন্সিং সিস্টেম সচল রাখতে পর্যাপ্ত সহযোগিতা প্রদান
৯. সরকারি/বেসরকারি দপ্তরসমূহের চাহিদা অনুযায়ী বিসিসি আঞ্চলিক কার্যালয়ের ল্যাব সুবিধা প্রদান

১০. সরকারি দপ্তরের চাহিদা অনুযায়ী আইসিটি বিষয়ক প্রশিক্ষণে দক্ষ রিসোর্স পারসন প্রেরণ;
১১. উপর্যুক্ত কার্যাবলী সম্পাদনের জন্য প্রয়োজনীয় যে কোন পদক্ষেপ গ্রহণ করা
১২. প্রধান কার্যালয় নির্দেশিত যে কোন দায়িত্ব পালন করা

বরিশাল আঞ্চলিক কার্যালয়ের সাংগঠনিক কাঠামোঃ




বরিশাল আঞ্চলিক কার্যালয়ের বর্তমান জনবল কাঠামো

রাজস্ব জনবল ৩ জনঃ

| ক্রমিক | নাম ও পদবী | গ্রেড | অবস্থান |
|---|---|---|---|
| ১ | মোহাম্মদ জসীম,<br>হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার ও আঞ্চলিক পরিচালক (ভারপ্রাপ্ত) | ৬ | অফিস প্রধান |
| ২ | খাজা রফিকুল ইসলাম<br>কম্পিউটার অপারেটর | ১৩ | কর্মচারী |
| ৩ | সুজন কুমার শিল<br>ল্যাব সহকারী | ১৭ | কর্মচারী |

ক্লিনার, সিকিউরিটি গার্ড এবং পরিচ্ছন্নতা কর্মী একজন করে মোট ৩ জন আউটসোর্সিং কর্মচারী রয়েছে।

আঞ্চলিক কার্যালয় বরিশালে বর্তমান চলমান ইলেকট্রনিক যন্ত্রপাতি ও ফার্নিচারঃ

| | | |
|---|---|---|
| কম্পিউটার | Accer | ১৫ |
| | MSI | ১৫ |
| | Dell | ২১ |
| | Lenevo (all in one) | ২১ |
| মাউস | Dell/Delux/ascer/Logitech /Lenevo (Wireless) | ৫০ |
| ল্যাপটপ | Samsung | ১ |
| | Dell latitude e6410 | ৩ |
| | Dell | ৩ |
| প্রিন্টার | HP leaserJet P2055d | ২ |
| স্ক্যানার | Canon | ১ |
| প্রজেক্টর | INFocus | ১ |
| | Casio | ২ |
| | VIVITEK | ১ |
| ফটোকপিয়ার | Brand Sharp, Model: AR-6020NV | ১ |
| এসি | Walton | ৪ |
| | General | ১ |
| | Toshiba | ১ |
| জেনারেটর (অটো) | 30 KVA | ১ |
| সিসিটিভি ও NVR | | ৬টি ক্যামেরা+১টি NVR |
| UPS (Online) | 1KVA from Info Sarker-II With Battery Bank | ১ |
| | 3KVA Model: Techfine for LAB from Thakrail Information system With Battery Bank | ৪ |
| IPS | With Two Battery | ১ |

| | | |
|---|---|---|
| router | ASUS router from EPWDICT Project | ১ |
| | ADSL Router | ১ |
| | AR157 access router from info sarker-II project | ১ |
| | HUAWEI Wireless access router | ৩ |
| Switch | HUAWEI switch from summit power | ১ |
| | CISCO Websmart switch 24 port | ২ |
| | D Link 8 port switch | ১ |
| HUB | HP Brand | ২ |
| Video conferencing system | HUAWEI | ১ |
| Speaker | | ৪০টি |
| ফার্নিচার | চেয়ার (কাঠের/রেক্সিন/হুইল/পারটেক্স) | ৮০টি |
| | কম্পিউটার টেবল (ছোট/বড়) | ৬০টি |
| | ভিজিটর চেয়ার | ৫টি |
| | সেক্রেটারিয়াট টেবিল | ২ |
| | ফাইল কেবিনেট | ৪ |
| | আলমারী | ৪ |
| | সোফা (২সিট) | ৩ |
| | সোফা (৩ সিট) | ১ |
| | টি টেবিল | ২ |
| | আইসিটি রিসোর্স সেন্টারের জন্য ইনফরমেশন টেবিল | ১ |
| | হোয়াইট বোর্ড | ৩ |
| | স্মার্ট বোর্ড | ১ |
| | নোটিশ বোর্ড | ২ |

| | | |
|---|---|---|
| | জুতার র‍্যাক | ১ |
| | সাইনবোর্ড | ২ |
| | স্পিকার টেবিল | ১ |
| | ফ্যান | ২৩ |


প্রশিক্ষণ প্রতিবেদন: (বিগত ১২ বছর)

| প্রশিক্ষণ | ব্যাচ সংখ্যা | পুরুষ | মহিলা | মোট শিক্ষার্থী |
|---|---|---|---|---|
| স্বল্প মেয়াদী | ১১৪ | ১৮১৬ | ৪৩২ | ২২৪৮ |
| WID (Women in Development) | ৩৩ | ০ | ৬৪৭ | ৬৪৭ |
| দীর্ঘমেয়াদী | ২৯ | ৪৬৮ | ৯০ | ৫৫৮ |
| ই-গভর্ণমেন্ট | ৩৪ | ৫০৪ | ১২০ | ৬২৪ |
| প্রতিবন্ধি | ২১ | ২৭০ | ১২৪ | ৩৯৪ |
| **সর্বমোট** | **২৩১** | **৩০৫৮** | **১৪১৩** | **৪৪৭১** |

প্রশিক্ষণ থেকে আয়: (২০০৯ হতে ২০২১ পর্যন্ত)

| sl no | Fiscal Year | Income |
|---|---|---|
| 1 | 2009-2010 | 569,500.00 |
| 2 | 2010-2011 | 748,000.00 |
| 3 | 2011-2012 | 792,000.00 |
| 4 | 2012-2013 | 381,500.00 |
| 5 | 2013-2014 | 765,000.00 |
| 6 | 2014-2015 | 1,025,500.00 |
| 7 | 2015-2016 | 752,500.00 |
| 8 | 2016-2017 | 1,020,000.00 |
| 9 | 2017-2018 | 935,000.00 |
| 10 | 2018-2019 | 1,045,000.00 |

| | | |
|---|---|---|
| 11 | 2019-2020 | 830000.00 |
| 12 | 2020-2021 | 30000.00 |
| 13 | 2021 to till now | 244000.00 |
| | Grand Total | 9,138,000.00 |




টেকসই উন্নয়ন অভীষ্টসমূহ (SDGs) কর্মপরিকল্পনার আওতায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়িত সকল প্রকল্প সমূহ বিসিসির প্রধান কার্যালয়, ঢাকা হতে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক ও প্রকল্প উপপরিচালক মহোদয়গণ সমন্বয় করে থাকেন, বাস্তবায়িত প্রকল্পসমূহ কোনটিও আঞ্চলিক কার্যালয়ে সমন্বিত হয় না। বাস্তবায়িত প্রকল্প সমূহের মধ্যে শুধুমাত্র ১ টি প্রকল্পের নির্দেশিত কর্মকান্ড বিসিসি, বরিশাল আঞ্চলিক কার্যালয়ে পালিত হয়।

**<u>প্রকল্পের নামঃ</u>**

তথ্য প্রযুক্তির মাধ্যমে নিউরো ডেভোলপমেন্টাল ডিজঅর্ডারসহ সব ধরণের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন প্রকল্প।

**প্রকল্পের পরিচিতিঃ**

বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) সরকার প্রতিশ্রুত ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে সরকারের অন্যতম প্রধান সহায়ক প্রতিষ্ঠান। বিসিসি'র বিভিন্ন কার্যক্রমের মধ্যে আইসিটি মানব সম্পদ উন্নয়ন অন্যতম। বিসিসি নিয়মিত আইসিটি বিষয়ক প্রশিক্ষণ পরিচালনা করে থাকে। ২০১১ সাল হতে বিসিসি দেশের প্রতিবন্ধী ব্যক্তিদের আইসিটিতে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিশেষায়িত আইসিটি প্রশিক্ষণ কোর্স পরিচালনা করছে এবং প্রতি বছর প্রশিক্ষণ প্রাপ্ত দক্ষ প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য "চাকুরীমেলা" আয়োজনের মাধ্যমে তাদের চাকুরীর ব্যবস্থা করছে।

এরই ধারাবাহিকতায় নিউরোডেভোলপমেন্টাল ডিজঅর্ডার (এনডিডি) সহ সবধরণের প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে প্রবেশাধীকারের সুযোগ সৃষ্টি করে শিক্ষা ও কর্মসংস্থান নিশ্চিত করা এবং সরকার প্রতিশ্রুত ডিজিটাল বাংলাদেশ গড়ার অংশ হিসেবে ৩ বছরে (জুলাই ২০১৭ থেকে জুন ২০২০) অর্থবছরে দেশব্যাপী এ কার্যক্রম পরিচালনার জন্য তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ত্ত্বাবধানে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল "তথ্য প্রযুক্তির মাধ্যমে নিউরোডেভোলপমেন্টাল ডিজঅর্ডার (এনডিডি) সহ সবধরণের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন" শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে।

**প্রকল্পের প্রধান উদ্দেশ্যসমূহঃ**

ক) নিউরোডেভোলপমেন্টাল ডিজঅর্ডার (এনডিডি) সহ সবধরণের প্রতিবন্ধী প্রশিক্ষণার্থীদের জন্য কন্ঠ এবং ইশারা ভাষার নির্দেশনাসহ আইসিটি প্রশিক্ষণ এর জন্য বিষেশায়িত অডিও-ভিডিও টিউটোরিয়াল তৈরী ।

খ) প্রতিবন্ধী প্রশিক্ষণার্থীদের জন্য অভিগম্য একটি বিশেষায়িত "জাতীয় ই-লার্নিং প্লাটফর্ম" তৈরী করা, যেখানে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কন্ঠ এবং ইশারা ভাষাসহ অডিও-ভিডিও টিউটোরিয়ালসহ প্রশিক্ষণসহায়ক অন্যান্য কন্টেন্ট আপলোড করা থাকবে।

গ) উন্নয়নকৃত "ই-লার্নিং প্লাটফর্মে" চাকুরী প্রার্থী এবং চাকুরীদাতা প্রতিষ্ঠানের সহায়ক একটি "জবপোর্টাল" থাকবে যেখানে সকল ধরনের প্রতিবন্ধী ব্যক্তিদের জীবনবৃত্তান্ত সংরক্ষণ ও চাকুরীদাতা আগ্রহী প্রতিষ্ঠানের বিজ্ঞাপন দেয়ার সুযোগ থাকবে এবং এ প্লাটফর্মে প্রশিক্ষিত প্রতিবন্ধী ব্যক্তিদের তথ্য সম্বৃদ্ধ তথ্যভান্ডার (Database) সন্নিবেশ থাকবে।

ঘ) বিসিসি'র ৭টি আঞ্চলিক কার্যালয়ে (রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, চট্টগ্রাম, ফরিদপুর ও রংপুর) সকল ধরনের প্রতিবন্ধীদের প্রশিক্ষণ ও চাকুরী সহায়তা দেয়ার জন্য একটি করে " আইসিটি রিসোর্স সেন্টার" প্রতিষ্ঠিত করা।

**প্রশিক্ষণের কোর্সসমূহঃ**

- Introduction to Computer and Application Packages
- Graphics Design and Multimedia
- Web and Mobile Application
- Digital Marketing
- Software Quality Assurance

**প্রশিক্ষণ কোর্সসমূহের মেয়াদঃ**

- ৬০ ঘন্টা ( ২০ দিন )

**প্রশিক্ষণ কোর্সের সুবিধাসমূহঃ**

- কোন কোর্স ফি নেই;
- যাতায়াত ও আবাসন ভাতা;
- দুপুরে খাবারের ব্যবস্থা;
- বিনামূল্যে প্রশিক্ষণ উপকরণ ( খাতা, কলম, বই ও ব্যাগ);

**প্রশিক্ষণের তথ্যঃ**

2018-19 অর্থ বছরে প্রশিক্ষণ সমূহ

| ক্রমিক নং | কোর্সের নাম ও ব্যাচ | প্রশিক্ষণের তারিখ | | প্রশিক্ষণের সময় | প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | শুরুর তারিখ | শেষের তারিখ | | | |
| ০১ | EPWDICT-ICAP-01 (Physical) | ২৫/০১/২০১৯ | ১৫/০২/২০১৯ | সকাল ১০.০০ টা থেকে দুপুর ০১.০০ টা | ২০ দিন (৬০ ঘন্টা | ২০ জন |
| ০২ | EPWDICT-ICAP-02 (Physical) | ১৪/০২/২০১৯ | ০৬/০৩/২০১৯ | সকাল ১০.০০ টা থেকে দুপুর ০১.০০ টা | ২০ দিন (৬০ ঘন্টা | ২০ জন |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৩ | EPWDICT-ICAP-03 (Physical) | ০৯/০৩/২০১৯ | ৩০/০৩/২০১৯ | সকাল ১০.০০ টা থেকে দুপুর ০১.০০ টা | ২০ দিন (৬০ ঘন্টা | ২০ জন |
| ০৪ | EPWDICT-ICAP-04 (Physical) | ২৮/০৩/২০১৯ | ১৭/০৪/২০১৯ | সকাল ১০.০০ টা থেকে দুপুর ০১.০০ টা | ২০ দিন (৬০ ঘন্টা | ২০ জন |
| ০৫ | EPWDICT-ICAP-05 (Physical) | ২৩/০৪/২০১৯ | ১৩/০৫/২০১৯ | সকাল ১০.০০ টা থেকে দুপুর ০১.০০ টা | ২০ দিন (৬০ ঘন্টা | ২০ জন |

2019-20 অর্থ বছরে প্রশিক্ষণ সমূহ

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৬ | EPWDICT-ICAP-06 (Physical) | ২৭/০৭/২০১৯ | ২৮/০৮/২০১৯ | সকাল ১০.০০ টা থেকে দুপুর ০১.০০ টা | ২০ দিন (৬০ ঘন্টা | ২০ জন |
| ০৭ | EPWDICT-ICAP-07 (Visually Impaired) | ০৭/০৯/২০১৯ | ৩০/০৯/২০১৯ | দুপুর ০২:০০টা থেকে বিকাল ০৫:০০টা | ২০ দিন (৬০ ঘন্টা | ২০ জন |
| ০৮ | EPWDICT-ICAP-08 (Visually Impaired) | ০১/১০/২০১৯ | ২৫/১০/২০১৯ | দুপুর ০২:০০টা থেকে বিকাল ০৫:০০টা | ২০ দিন (৬০ ঘন্টা | ২০ জন |
| ০৯ | EPWDICT-ICAP-09 (Physical) | ০৩/১১/২০১৯ | ২৪/১১/২০১৯ | সকাল ১০.০০ টা থেকে দুপুর ০১.০০ টা | ২০ দিন (৬০ ঘন্টা | ২০ জন |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১০ | EPWDICT-ICAP-10 (Physical) | ০২/১২/২০১৯ | ২২/১২/২০১৯ | সকাল ১০.০০ টা থেকে দুপুর ০১.০০ টা | ২০ দিন (৬০ ঘন্টা | ২০ জন |
| ১১ | EPWDICT-ICAP-11 (Visually Impaired) | ০৭/০১/২০২০ | ২৯/০১/২০২০ | দুপুর ০২:০০টা থেকে বিকাল ০৫:০০টা | ২০ দিন (৬০ ঘন্টা | ২০ জন |
| ১২ | EPWDICT-ICAP-12 (Physical) | ১৮/০১/২০২০ | ১০/০২/২০২০ | সকাল ১০.০০ টা থেকে দুপুর ০১.০০ টা | ২০ দিন (৬০ ঘন্টা | ২০ জন |
| ১৩ | EPWDICT-GDM -01(Physical) | ১৮/০৯/২০২০ | ১০/১০/২০২০ | সকাল ১০.০০ টা থেকে দুপুর ০১.০০ টা | ২০ দিন (৬০ ঘন্টা | ২০ জন |

2020-21 অর্থ বছরে প্রশিক্ষণ সমূহ

| ক্রমিক নং | কোর্সের নাম ও ব্যাচ | প্রশিক্ষণের তারিখ | প্রশিক্ষণের সময় | প্রশিক্ষণের মেয়াদ | প্রশিক্ষণার্থীর সংখ্যা |
|---|---|---|---|---|---|
| করোনা মহামারীর কারনে শিক্ষা ও অন্যান্য প্রতিষ্ঠান সাধারণ ছুটির কারনে প্রকল্প দপ্তরের নির্দেশনায় প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ ছিল। | | | | | |

<u>2021-22 অর্থ বছরে প্রশিক্ষণ সমূহ</u>

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ১৪ | EPWDICT-ICAP-13 (Physical) | ২৫/০৯/২০২১ | ১৭/১০/২০২১ | সকাল ১০.০০ টা থেকে দুপুর ০১.০০ টা | ২০ দিন (৬০ ঘন্টা | ২০ জন |
| ১৫ | EPWDICT-ICAP-14 (Physical) | ২৫/০৯/২০২১ | ১৭/১০/২০২১ | দুপুর ০২:০০টা থেকে বিকাল ০৫:০০টা | ২০ দিন (৬০ ঘন্টা) | ২০ জন |
| ১৬ | EPWDICT-ICAP-15 (NDD) | ২৫/০৯/২০২১ | ১৪/১২/২০২১ | দুপুর ০২:০০টা থেকে বিকাল ০৫:০০টা | ২০ দিন (৬০ ঘন্টা) | ২০ জন |

*EPWDICT = Empowerment of persons with disabilities including NDD through ICT
*ICAP= Introduction to Computer and Application Packages
*GDM = Graphics Design and Multimedia

প্রশিক্ষণার্থীদের তথ্যঃ

| ক্রমিক নং | প্রশিক্ষণার্থীর সংখ্যা | পুরুষ | মহিলা | প্রতিবন্ধীতার ধরণ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | শারিরীক প্রতিবন্ধী | শ্রবন ও বাক প্রতিবন্ধী | দৃষ্টি প্রতিবন্ধী (আংশিক) | এনডিডি | অন্যান্য |
| ০১ | ৩০০ জন | ২০৭ জন | ৯৩ জন | ১৭৮ জন | ২১ জন | ৮৫ জন | ০২ | ১৪ জন |

**প্রশিক্ষণার্থীদের কর্মসংস্থানের তথ্যঃ**

| সরকারী চাকুরী | বেসরকারী চাকুরী | উদ্যোক্তা | মোট |
|---|---|---|---|
| ১০ | ২৯ | ১৮ | ৫৭ |

প্রকল্পের আয়তায় বিসিসি,আঞ্চলিক কার্যালয়ে ২টি সেমিনার এবং বরিশাল বিভাগে ৫ টি কেম্পেইন করা হয়।

**যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতাঃ**

২১ নভেম্বর ২০২০ খ্রিঃ তারিখে যুব প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য জাতীয় আইটি প্রতিযোগিতা ২০২০ আঞ্চলিক কার্যালয়, বরিশালে অনুষ্ঠিত হয় । চারটি ক্যাটাগরিতে (দৃষ্টি প্রতিবন্ধীঃ ০৬ জন, শারীরিক প্রতিবন্ধীঃ ১০ জন , বাক ও শ্রবণ প্রতিবন্ধীঃ ০১ জন , এনডিডিঃ ০১ জন ) মোট ২০ জন প্রতিযোগী অংশগ্রহন করেন । তাদের মধ্য থেকে ( ১ । কাজী রাহাতুল ইসলাম তুষার ,শারীরিক প্রতিবন্ধী ২। নিয়ামুর রহমান শিহাব, শারীরিক প্রতিবন্ধী ৩। নেছার উদ্দীন আহমেদ , এনডিডি ) তিন জন বিজয়ী হয় ।

<u>ইমপোরিয়াঃ</u>

তথ্য প্রযুক্তির মাধ্যমে এনডিডিসহ সব ধরনের প্রতিবন্ধী ব্যক্তির ক্ষমতায়ন প্রকল্পের অধীনে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য উন্নয়নকৃত সফটওয়্যার ‘ইমপোরিয়া’ ২৮ মার্চ ২০২১ তারিখ অনলাইন প্লাটফর্ম জুমের মাধ্যমে উদ্বোধন করা হয়। ‘ইমপোরিয়া’ তে রয়েছে ই- লার্নিং প্ল্যাটফর্ম এবং জব পোর্টাল। ই- লার্নিং প্ল্যাটফর্মে রয়েছে অডিও ভিডিও টিউটোরিয়াল সাথে সাংকেতিক ভাষার সংযুক্তি। ই- লার্নিং প্ল্যাটফর্মের মাধ্যমে যে কোন প্রতিবন্ধী ব্যক্তি যে কোন জায়গায় বসে নিজেদের প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণ করতে পারবে সম্পূর্ন বিনামূল্যে এবং সফলভাবে কোর্স সম্পন্নকারী স্বীকৃতিস্বরূপ সার্টিফিকেট প্রাপ্ত হবে। জব পোর্টালের মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তি সহজ পদ্ধতিতে জীবনবৃত্তান্ত তৈরী করতে এবং আপলোড করতে পারবে ,পছন্দের চাকরীর অনুসন্ধান করতে পারবে। নিয়োগদাতা প্রতিষ্ঠানসমূহ দক্ষ কর্মী খুঁজে পেতে চাকরি পোষ্ট করতে পারবে। এছাড়াও চাকুরিদাতা প্রতিষ্ঠানসমূহ তাদের পছন্দের কর্মী নির্বাচনের ক্ষেত্রে ভিডিও কলের মাধ্যমে সাক্ষাৎকার গ্রহণ করতে পারবে। ইমপোরিয়া ওয়েব https://emporia.bcc.gov.bd

**<u>প্রকল্পের নামঃ</u>**

ডেভেলপমেন্ট অব ন্যাশনাল আইসিটি ইনফ্রা-নেটওয়ার্ক ফর বাংলাদেশ গভার্ণমেন্ট ফেজ-২ (ইনফো সরকার) শীর্ষক প্রকল্প

**প্রকল্প সমাপ্ত (জুলাই ২০১৩-ডিসেম্বর ২০১৫)**

দেশে ই-গভর্ণমেন্ট এর সুষ্ঠু এবং সফল বাস্তবায়নের নিমিত্ত উপজেলা পর্যায়ে পাবলিক নেটওয়ার্ক স্থাপন

বিসিসি'র ইনফো-সরকার-২ প্রকল্পের মাধ্যমে স্থাপিত DHQ'তে সাপোর্টসহ বরিশাল বিভাগীয় পর্যায়ে স্থাপিত ৪৮টি মিডিয়াম রাউটার, ১৩ শতাধিক এক্সেস রাউটার এবং ৫৩ নোডএ ভিডিও কনফারেন্সিং সিস্টেমে সাপোর্ট ও মনিটরিং রিপোর্ট, বিসিসি প্রধান কার্যালয়ে স্থাপিত Network Operation Centre (NOC) এর প্রেরণ সহ বিভিন্ন কারিগরি সহায়তা প্রদান করে আসছে। এমনকি বর্তমান করোনা অতিমারীর মধ্যে মাননীয় প্রধানমন্ত্রীর সাথে সরকারী পর্যায়ে বিভিন্ন অফিস সমূহে ভিডিও কনফারেন্সিং সিস্টেমের কারিগরি সহায়তা প্রদান চলমান রেখেছে।

2020-21 অর্থ বছরে নিম্নোক্ত অফিস সমূহে ৪০০টি কারিগরী ও ভিসি সাপোর্ট প্রদান করা হয়েছে।

---xx---